গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.১০৭

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৫৬০৩/২০২০ মামলা পরিচালনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন হামিদা খাতুন মাধ্যমিক ও এস.এস.সি ভোকেশনাল স্কুল সুপারিনটেনডেন্ট জনাব মোছাঃ সাহানা আকতার বিজ্ঞ সিনিয়র জজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা-৭৯/১৮ অন্য মামলায় গত ২৩/০৭/২০১৮ ইং তরিখের আদেশ বাস্তবায়ন পূর্বক গত ০৮/০৭/২০২০ ইং তরিখে ৮৭০ নং স্মারক আদেশের বিভাগীয় কার্যক্রম স্থগিত সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে গত ১৬/০৭/২০২০ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয় বরাবর আবেদন করেন।

জনাব মোছাঃ সাহানা আকতার এর আবেদনটির বিষয়ে কোন কার্যক্রম গ্রহন না করায় মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৬০৩/২০২০ মামলা দায়ের করেন। এ মামলায় ০৪/১০/২০২০ তারিখে নিম্নরূপ অন্তবর্তীকালীন আদেশ প্রদান করেন;

"The respondents No.1 is directed to dispose of the application dated 16.07.2020 (Annexure-E) to the supplementary affidavit of this writ petition submitted before him by the petitioner within a period of 30 (thirty) days from the date of receipt of this order.

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৫৬০৩/২০২০ মামলার অন্তবর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ১৬/০৭/২০২০ তারিখের আবেদনটি (Annexure-E) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

২৯-১১-২০২০
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.১০৭/১

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৯-১১-২০২০
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব